

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৫৩

তারিখ: ৩ ভাদ্র ১৪২৮

১৮ আগস্ট ২০২১

বিষয়: গাজীপুর মেট্রোপলিটন পুলিশের পুলিশ কমিশনারের কার্যালয়সহ অন্যান্য স্থাপনা নির্মাণের নিমিত্তে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের সদর থানাধীন চান্দনা মৌজায় প্রস্তাবিত ১.০ (এক) একর জমি অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-গাজীপুর মেট্রোঃ পুঃ/ প্রশাঃ/২০২১/১৫৩৭ তারিখঃ ২৬/০৬/২০২১ খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, গাজীপুর মেট্রোপলিটন পুলিশের পুলিশ কমিশনারের কার্যালয়সহ অন্যান্য স্থাপনা নির্মাণের নিমিত্তে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের সদর থানাধীন চান্দনা মৌজায় ১.০ (এক) একর জমি অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি পত্র প্রদানের জন্য আবেদন করেছে। আবেদনকৃত জমির মৌজাভিত্তিক তফসিল নিম্নরূপঃ

ক্র. নং	আর এস খতিয়ান নং	আর এস দাগ নং	মোট জমি (একর)	প্রস্তাবিত জমি (একর)	রেকর্ডীয় শ্রেণী	মন্তব্য
১	২৮৯	৪১২১	০.৫৩০০	০.৫২৮০	চালা	-
২	১৮২	৪১২২	০.৬৮০০	০.৪৭২০	চালা	-
মোট জমি				১.০০ একর		

তদু প্রেক্ষিতে উক্ত এলাকার সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রস্তাবিত জমির কিছু অংশ খালি অবস্থায় রয়েছে, কিছু অংশ ওয়ার্কসপ হিসাবে ব্যবহার হচ্ছে। আরএস ৪১২২ (আংশিক) দাগের জমিতে কয়েকটি সেমিপাকা ও একটি তিনতলা পাকা ভবনসহ বসতবাড়ী, কিছু দোকান রয়েছে। প্রস্তাবিত জমির উত্তরে বসতবাড়ী, দক্ষিণে জয়দেবপুর সড়ক, পূর্বে রাস্তা, ব্যক্তি মালিকানাধীন খালি জমি, বসতবাড়ী ও দোকান, পশ্চিমে পাকাড্রেন (নির্মাণাধীন) সহ কাঁচারাস্তা ও বিদ্যুৎলাইন অবস্থিত। (পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০১; Google Map, সংযুক্তি-০২)।

RAJUK এর Detail Area Plan (DAP) পর্যালোচনা করে দেখা যায় জায়গাটির প্রস্তাবিত ভূমি ব্যবহার Mixed Use Zone হিসেবে চিহ্নিত আছে (সংযুক্তিঃ৩)। রাজউক কর্তৃক ১.০০ একর ভূমি অধিগ্রহণে জনস্বার্থে অনাপত্তি প্রদান করা হয়েছে, (সংযুক্তি-০৪)।

এমতাবস্থায়, গাজীপুর মেট্রোপলিটন পুলিশের পুলিশ কমিশনারের কার্যালয়সহ অন্যান্য স্থাপনা নির্মাণের নিমিত্তে প্রস্তাবিত দাগে সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ১.০ একর জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

#### শর্তাবলী

- (১) প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) দক্ষিণ পাশের জয়দেবপুর সড়ক এবং পূর্ব পাশের সড়কটি ভবিষ্যতে প্রশস্তকরণের প্রয়োজন হয় সে লক্ষ্যে প্রস্তাবিত

জমির অভ্যন্তরে দিকে জায়গা সংরক্ষণ করতে হবে;

(৩) উক্ত এলাকার পানির প্রবাহে কোনভাবেই যেন বাধা সৃষ্টি না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৪) রাজউক এর Landuse Plan আর.এস মৌজার উপরে প্রস্তুতকৃত বিধায় এই অনাপত্তি পত্রে ভূমি ব্যবহারজনিত জটিলতায় আর.এস ম্যাপই বিবেচ্য হবে।

(৫) রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তিঃ

০১. সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন


০২. প্রস্তাবিত এলাকার Google Map

০৩. DAP এর প্রস্তাবিত ভূমি ব্যবহারের উপর প্রস্তাবিত এলাকা চিহ্নিত ম্যাপ।

০৪. রাজউক এর অনাপত্তিপত্র

০৫. পরিবেশ অধিদপ্তর এর অনাপত্তি পত্র।

০৬. প্রকল্পের স্থান চিহ্নিত পূর্বক মৌজা ম্যাপ



১৮-৮-২০২১

আহমেদ আখতারুজ্জামান

সিনিয়র প্ল্যানার

পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ,  
গাজীপুর।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৫৩/১(৬)

তারিখ: ৩ ভাদ্র ১৪২৮  
১৮ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর

২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর

৩) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর

৪) উপ- পুলিশ কমিশনার, (এস্টেট এন্ড ডেভেলপমেন্ট), গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর

৫) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর

৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১৮-৮-২০২১

মোঃ সাইফুর রহমান

প্ল্যানার